স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত

**হ্যানিম্যান হল**

মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম
হোমিও প্রতিষ্ঠান

হোমিওপ্যাথিক ও বাইওকেমিক ঔষধ কলিকাতার দরে বিক্রয় হয়। পাইকারী গ্রাহকদের বিশেষ সুযোগ ও সুবিধা দেওয়া হয় আমরা যত্নের সহিত ভি. পি. যোগে মফঃস্বলে ঔষধ সরবরাহ করি।

হোমিও পেটেন্ট **"আইওলিন"**
চক্ষু ওঠায় ফল সুনিশ্চিত।

**হ্যানিম্যান হল,** খাগড়া, মুর্শিদাবাদ

বিঃ দ্রঃ—কোন ব্রাঞ্চ নাই।

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

**বহরমপুর এক্সরে ক্লিনিক**

জল গম্বুজের নিকট
পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সম্ভব কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫২শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১৭ই কার্ত্তিক বুধবার, ১৩৭২ ইং 3rd Nov. 1965 { ২৫শ সংখ্যা



সকল ঘরের তরে ...

**দীপ্তি** লণ্ঠন

ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

**রান্নায় আনন্দ**

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও পড়বে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।




**খাস জনতা**

কেরোসিন কুকার

বিপুলতা আনবে।

দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

**শীতবস্ত্রের বিপুল আয়োজন**

শিবদুর্গা বস্ত্রালয়

রঘুনাথগঞ্জ বাজারপাড়া

গ্রাহকগণের রুচিসম্মত শীতের উপযোগী নানা-প্রকার কাপড় আমদানী করিয়াছি। পরীক্ষা প্রার্থনীয়।

প্রোঃ—শিবদুর্গা বস্ত্রালয়

স্টুডেন্টস ফেভারিট

রঘুনাথগঞ্জ, (বাস ষ্ট্যাণ্ড) মুর্শিদাবাদ

★ পাঠাগার, স্কুল ও কলেজের সব রকমের বই, খেলার সরঞ্জাম, কাগজ পেন ইত্যাদি সবচেয়ে সুবিধায় কিনুন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।



জঙ্গিপুর সংবাদ

১৭ই কার্ত্তিক বুধবার সন ১৩৭২ সাল।

## খাদ্য

—০—

জীব মাত্রেরই বাঁচিয়া থাকিতে হইলে খাদ্যই সর্ব্বাগ্রে প্রয়োজন। আমাদের বাংলা দেশে মানুষের প্রধান খাদ্যই অন্ন। এই অন্ন হয় ধান্য হইতে। ধান্য কৃষিকার্য্যের দ্বারা উৎপন্ন হইয়া থাকে। সুতরাং আমাদের দেশের নিরক্ষর অবহেলিত কৃষককুল যে আমাদের অন্নের উৎপাদক এ কথা অস্বীকার করিবার উপায় নাই। চাষ করে বলিয়া কৃষকের অপর নাম চাষা। পৌরাণিক যুগে রাজর্ষি জনক নিজ হস্তে লাঙ্গল ধরিয়া চাষ করিতেন। ভগবান কৃষ্ণের অগ্রজ বীরবর বলরাম স্বহস্তে ভূমি কর্ষণ করিতেন। এখনও বলরামের স্কন্ধে লাঙ্গল দিয়া তাঁহার মূর্ত্তি গঠন করিতে হয়। পুরাকালে কৃষিকার্য্য আর্য্যগণের প্রধান কর্ত্তব্যের অন্যতম বলিয়া পরিগণিত হইত। সে যুগের পণ্ডিতেরা সংস্কৃত ভাষায় বলিয়াছেন—

অন্নং প্রাণা বলঞ্চান্নং
অন্নং সর্ব্বার্থ সাধকং।
দেবাসুরা মনুষ্যাশ্চ
সর্ব্বে চান্নোপজীবিনঃ॥
অন্নন্তু ধান্য সম্ভূতং
ধান্যং কৃষ্যা বিনা ন চ।
তস্মাৎ সর্ব্বং পরিত্যজ্য
কৃষিং যত্নেন কারয়েৎ॥

অর্থ:—অন্নই প্রাণ, অন্নই বল, অন্নই সর্ব্বার্থসাধক। দেবতা, অসুর এবং মনুষ্য সকলেই অন্ন খাইয়া জীবন ধারণ করেন। অন্ন হয় ধান্য হইতে আবার কৃষিকার্য্য ভিন্ন ধান্য হয় না। অতএব সকল কার্য্য পরিত্যাগ করিয়া যত্নের সহিত কৃষিকার্য্য সকলেরই অবশ্য কর্ত্তব্য।

আজ "চাষা" শব্দটী গালাগালি বলিয়া গণ্য হইতেছে। কেহ যদি কাহাকেও চাষা বলে, তাহাতে তাহার অপমান বলিয়া বোধ হয়। আমাদের দেশের কৃষককুল অধিকাংশই লেখাপড়ার বড় একটা ধার ধারিত না। ছেলে পাঁচ কিংবা সাত বৎসরের হইতেই তাহার হাতে পাঁচনী নামক গো-তাড়ন দণ্ড দেওয়া হইত। এই সকল বালকের পিতা-মাতারা ছেলেদিগকে পাঠশালায় পাঠাবার বিরোধী ছিলেন। তাঁদের মুখের কথাই ছিল—চাষার ছেলে লেখাপড়া শিখে কি করবে। ভদ্রলোকদের ছেলের মত ছক্কা পাঞ্জা—হয়কে নয়, নয়কে হয় করতে শিখবে। পাঁচনী ছিল তাদের কৃষিকার্য্যের হাতে খড়ি। যেমন যেমন বয়স হতো তেমনি তেমনি এক আধটুকু ক'রে লাঙ্গল ধরতে শিখতো। লাঙ্গল বাহিতে শিখলেই মা বাপে মনে করতেন—বাছা আমার মানুষ হয়েছে, আর দুখ কদিন থাকবে? হালের মুঠো ধরতে শিখলে আর অভাব কি? নিজেদের মধ্যে আলাপ আলোচনায় নিজেদের সক্ষমতা এবং তথাকথিত ভদ্রসমাজভুক্ত অকর্ম্মা প্রাণীগুলির অক্ষমতা তুলনা করিয়া আত্মপ্রসাদ লাভ করিত। আমরা আমাদের পরিচিত কৃষক প্রেমলাল দাসের মুখে গান শুনিয়া সে গানটী মুখস্থ করিয়া রাখিয়াছি। এখনও গানটীর প্রতি শব্দের সত্যতা অনুভব করিয়া আনন্দ পাই। প্রেমলাল দাস গান গাইতেন—

পাপ না হ'লে পুণ্যের কি মান্য হতো!
সবাই যদি রাজা হতো রাজস্ব বা
কে দিতো!
দেশের বিচার কি সূক্ষ (সূক্ষ্ম),
দেখে হয় মনে দুঃখ,
দেশের যারা অন্নদাতা তারাই সব মূর্খ,
এ সব মূর্খ নইলে পণ্ডিতেরা
পঞ্জিকা চুষে খেতো।
পাপ না হ'লে পুণ্যের কি মান্য হতো।

সত্য সত্যই আজ পঞ্জিকা চুষিয়া খাইতে হকদার পণ্ডিতের দল বে-আইনী আইন তৈরী করিয়া, যাহারা মাথার ঘাম পায়ে ফেলিয়া নিজেদের এবং দেশের খাদ্য-সমস্যার সমাধান করে তাহাদের সুখ সুবিধার প্রতি দৃষ্টিপাত করেন না।

---

### কলিকাতায়
## ভারতের প্রধানমন্ত্রী

ভারতের জনপ্রিয় প্রধানমন্ত্রী শ্রীশাস্ত্রী ৩১শে অক্টোবর রবিবার বেলা ১০ ঘটিকায় দমদম বিমান ঘাঁটিতে অবতরণ করেন। বিকাল ৩-৩০ ঘটিকায় ব্রিগেড প্যারেড গ্রাউণ্ডের সভাস্থলে সস্ত্রীক উপস্থিত হন। বেলা ৪ ঘটিকায় তিনি ভাষণ শুরু করেন। সহজ, সরল, অনাড়ম্বর ভাষায় তিনি একঘণ্টা বক্তৃতা করেন।

পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী শ্রীসেন প্রধানমন্ত্রীর হাতে পশ্চিমবঙ্গের পক্ষ থেকে ৪১ লক্ষ টাকার একখানি চেক প্রদান করেন। তিনি জানান এ টাকা পাঁচ পয়সা, দশ পয়সা, ২৫ পয়সা করিয়া সংগৃহীত হইয়াছে। ডিফেন্স বণ্ড বিক্রী করে যে ১ কোটি ৫১ লক্ষ টাকা পাওয়া গিয়েছে তাও তিনি শ্রীশাস্ত্রীর হাতে দেন।

---

## অস্বাভাবিক মৃত্যু

গত ১১ই কার্ত্তিক বৃহস্পতিবার রঘুনাথগঞ্জ থানার অন্তর্গত দেউলী গ্রামের শ্রীদক্ষিণারঞ্জন সিংহ রায় মহাশয়ের পুত্রবধূ শ্রীমতী দুলালী দেবীর অস্বাভাবিক ভাবে মৃত্যু হইয়াছে বলিয়া প্রকাশ। খবর পাইয়া মৃতার বাবা ও আত্মীয়স্বজন ঘটনাস্থলে গমন করেন। পুলিশ সন্দেহজনক মৃত্যু বলিয়া শবদেহ জঙ্গিপুর মর্গে পাঠাইয়া দেন। পুলিশ তদন্ত চলিতেছে।

---

## জাতীয় প্রতিরক্ষা তহবিলে দান

সম্প্রতি বাড়ালা রামদাস সেন উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক মহাশয়গণ তাঁহাদের ১ দিনের বেতন ১৩৩·৫০ টাকা এবং ছাত্রছাত্রীগণ চাঁদা তুলিয়া ১৩৬·৮৯ টাকা জাতীয় প্রতিরক্ষা তহবিলে দান করিয়াছেন। উক্ত টাকা পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীর নিকট মনিঅর্ডার যোগে পাঠান হইয়াছে।

বিদ্যালয়ের এক সভায় শিক্ষক ছাত্র সকলে শপথ গ্রহণ করেন যে দেশের প্রয়োজনে তাঁহারা সব রকমের ত্যাগ স্বীকার করিতে প্রস্তুত।

## জঙ্গুর আথুয়া রাস্তা

জঙ্গুর হইতে আথুয়া রাস্তা একটী বাদশাহী সড়ক। ইহা জঙ্গিপুর মহকুমার প্রয়োজনীয় রাস্তা। মুর্শিদাবাদ জেলা পরিষদ ইহার তত্ত্বাবধায়ক। মাস-খানেক পূর্ব্বে রাস্তাটীর দুরবস্থার কথা জেলা পরিষদ কর্ত্তৃপক্ষের গোচরে আনিয়াছিলাম। কর্ত্তৃপক্ষ রাস্তা মেরামত ও 'উজান কাঁধা' নামক কাঁদরের সাঁকোটী সংস্কারের জন্য টাকা বরাদ্দ করিয়াছেন। কনট্রাক্টরদের নিকট হইতে টেণ্ডার আহ্বান করিয়া সংস্কার করা সময় সাপেক্ষ। আমাদের নিবেদন 'উজান কাঁধার' বর্ত্তমান সাঁকোটীর উভয় পার্শ্বে কিছু মাটী দিবার ব্যবস্থা করিলে সাময়িকভাবে গোগাড়ী চলাচল করিতে পারিবে। পরে টেণ্ডার লইয়া ভালভাবে মেরামত কার্য্য করিবার ব্যবস্থা করিলে ভাল হয়। এই বিষয়ে আমরা জেলা পরিষদের ইঞ্জিনিয়ার সঞ্জীব বাবুকে অচিরে একটা ব্যবস্থা করার জন্য অনুরোধ করিতেছি।

---

## ভাগীরথী নদীতে চড়া

কার্ত্তিক মাসেই জঙ্গিপুর কলেজের সম্মুখ দিয়া লোকে হাঁটিয়া ভাগীরথী নদী পারাপার হইতেছে। জনসাধারণ মাথা ডুবাইয়া স্নান করিবার মত জল সহজে পাইতেছে না। এখনই নদীর এই অবস্থা গ্রীষ্মকালে যে কি হইবে তাহা সহজেই অনুমেয়।

---

## সহরের মধ্যস্থলে চুরি

গত ১১ই কার্ত্তিক বৃহস্পতিবার রাত্রি ২ ঘটিকার পর রঘুনাথগঞ্জ সহরের মধ্যস্থলে বিশিষ্ট নাগরিক স্বর্গীয় পঞ্চানন চট্টোপাধ্যায় মহাশয়ের ষষ্ঠ পুত্র শ্রীমান্ বিশ্বপতি চট্টোপাধ্যায়ের দ্বিতল গৃহের জানালার গরাদে বাঁকাইয়া চোরে আনুমানিক ১৪।১৫ ভরি স্বর্ণালঙ্কার, নগদ দেড় হাজার টাকা এবং কিছু কাপড়চোপড় চুরি করিয়াছে। মুর্শিদাবাদের পুলিশ সুপারিণ্টেণ্ডেণ্ট মহোদয় ঘটনা-স্থল পরিদর্শন করিয়াছেন এবং স্থানীয় পুলিশ কর্ম্মচারিগণকে চুরির কিনারা করার বিষয়ে নির্দ্দেশ দিয়াছেন। স্থানীয় পুলিশ ইতিমধ্যে কয়েকজনকে গ্রেপ্তার করিয়াছেন।

---

# ।। কৃষি সংবাদ ।।

## ।। উন্নত প্রণালীতে গমের চাষ করুন ।।

**ভাল করে গমের চাষ করতে হলে যে সমস্ত ব্যবস্থা অবলম্বন করা দরকার সেগুলো হল ঃ**

(১) জমি চষার সময় একর পিছু ৮—১০ গাড়ি গোবর বা কম্‌পোষ্ট সার এবং সম্ভব হলে ৬০ কে জি সুপার ফস্‌ফেট দিন। শেষবার লাঙল দেওয়ার সময় ৫০ কে জি অ্যামনিয়ম সালফেট বা ২২ কে জি ইউরিয়া একর পিছু মাটিতে মিশিয়ে দিন।

(২) জমি মই দিয়ে ভালভাবে সমান করুন যাতে সব জায়গায় জল যেতে পারে এবং কোথায়ও জল জমে না থাকে।

(৩) উন্নত জাতের বীজ ব্যবহার করুন।

(ক) সমতল ভূমির জন্য এন পি ৭১০, এন পি ৭১৮, এন পি ৭৯৮, এন পি ৮২৩, এন পি ৮২৪, এন পি ৮৩৫ জাতের বীজ ব্যবহার করুন।

(খ) পাহাড়ে অঞ্চলের জন্য রিড্‌লে, এন পি ৮০৯ এবং এন পি ৮২৪ জাতের বীজ ব্যবহার করুন।

(৪) বোনার আগে বীজের সঙ্গে এগ্রোসেন জি এন ( ১ কে জি বীজে ৩ গ্রাম হিসাবে ) ভালভাবে মিশিয়ে দিন।

(৫) সিড্ ড্রেসার না থাকলে বালতি ও একটি লাঠি ব্যবহার করে এগ্রোসেন জি এন মেশান।

**বোনার সময় ঃ**

(৬) গম বোনার প্রকৃষ্ট সময় কার্ত্তিক মাস ( ১৫ অক্টোবর থেকে ১৫ নভেম্বর-এর মধ্যে )।

**বোনার পদ্ধতি ঃ**

(৭) ছিটিয়ে না বুনে লাইনে বুনুন।

(৮) সিড্ ড্রিলের সাহায্যে সারিতে বুনলে ২৫—৩০ কে জি বীজ এক একর জমির জন্য যথেষ্ট। সারিতে বুনলে পরে পরিচর্যার খরচ এবং পরিশ্রম অনেক কমে যাবে। ৯"—১০" ফাতে সারিতে বুনুন।

(৯) বোনার আগে জমিতে যথেষ্ট রস না থাকলে হালকা সেচ দিয়ে বোনা ভাল।

**ঃ ভাল করে চাষ করলে উৎপাদন বাড়বে ঃ**

ডবলিউ. পি. ( আই অ্যাণ্ড পি আর ) এফ. পি. সি ( সি. ৭ ) ৬৫



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের

# আমলা কেশ



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ,
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

---

শীতে ব্যবহারোপযোগী

মৃতসঞ্জীবনী সুধা, মহাদ্রাক্ষারিষ্ট চ্যবনপ্রাশ

## ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও

## সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ

অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)

---

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

---

প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং **বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি** ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

## আর্ট ইউনিয়ন

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি:

সেলস অফিস ও শোরুম
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
ফোন: ৫৫-৪৩৬৬

---

সাইকেল ও সাইকেল পার্টস এর

নির্ভরযোগ্য প্রাচীন প্রতিষ্ঠান

## সুলভ ভাণ্ডার

রঘুনাথগঞ্জ চাউলপটী।

---

আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

রজশশী আয়ুর্ব্বেদ ভবনের

## পামারি

চুলকুনি ও সর্ব্বপ্রকার চর্ম্মরোগের অব্যর্থ মহৌষধ

কবিরাজ শ্রীরোহিনীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর

রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

---

হাতে কাটা

## বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

---

**জঙ্গিপুর সংবাদ** সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২.২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য ০৬ নঃ পঃ।

বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন। ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)